



সোনালী ব্যাংক পিএলসি
জেনারেল ম্যানেজার'স অফিস, চট্টগ্রাম-নর্থ, চট্টগ্রাম।

ঃ দরপত্র বিজ্ঞপ্তি ঃ-

০১।	সংগ্রহকারী সত্ত্বার নাম	সোনালী ব্যাংক পিএলসি, জেনারেল ম্যানেজার'স অফিস, চট্টগ্রাম-নর্থ।		
০২।	দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ	জিএমও/চট্টগ্রাম-নর্থ/প্রকৌশল/০৮ তারিখঃ ০৬-১০-২০২৬		
০৩।	সংগ্রহ পদ্ধতি	Limited Tendering Method (LTM).		
০৪।	বাজেট ও ফান্ড প্রাপ্তির উৎস	সোনালী ব্যাংক পিএলসি এর নিজস্ব ফান্ড।		
০৫।	কাজের নাম	জামানতের পরিমাণ	দরপত্র দলিলের মূল্য (অফেরৎ যোগ্য)	কার্য সমাপ্তির সময়সীমা
	সোনালী ব্যাংক পিএলসি, আনোয়ারা শাখা, চট্টগ্রামের আওতাধীন প্রস্তাবিত সিআরএম বুথে প্রয়োজনীয় সিভিল, ইলেকট্রিক্যাল এবং এয়ারকুলার সরবরাহ ও স্থাপন কাজ।	১২০০০.০০ (বার হাজার টাকা) (অফেরৎযোগ্য পে-অর্ডার)	৫০০.০০ (পাঁচশত টাকা) (অফেরৎযোগ্য পে-অর্ডার)	২১ (একুশ) দিন
০৬।	দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান	ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, জেনারেল ম্যানেজার'স অফিস, চট্টগ্রাম-নর্থ।		
০৭।	দরপত্র সিডিউল প্রাপ্তির তারিখ ও সময়।	তারিখঃ ০৮-১০-২০২৬ হতে ২৫-১০-২০২৬, সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা থেকে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত।		
০৮।	দরপত্র জমা দেয়ার স্থান, তারিখ ও সময়।	সোনালী ব্যাংক পিএলসি, জেনারেল ম্যানেজার'স অফিস, চট্টগ্রাম-নর্থ। তারিখঃ ২৫-১০-২০২৬, সময়ঃ বিকাল ০৩:০০ ঘটিকা পর্যন্ত।		
০৯।	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়।	সোনালী ব্যাংক পিএলসি, জেনারেল ম্যানেজার'স অফিস, চট্টগ্রাম-নর্থ। তারিখঃ ২৫-১০-২০২৬, সময়ঃ বিকাল ০৩:৩০ ঘটিকা পর্যন্ত।		
১০।	দরদাতাদের প্রতি বিশেষ নির্দেশাবলী।	(ক) দরপত্রে উদ্ধৃত দর সমূহের বৈধতা দরপত্র খোলার তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে। (খ) দরপত্র খোলার দিন ছুটি ঘোষিত হলে পরবর্তী অফিস খোলার দিন নির্ধারিত সময়ে দরপত্র খোলা হবে। (গ) দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদপত্র, অভিজ্ঞতা সনদের কপি এবং আর্থিক স্বচ্ছতার সমর্থনে ব্যাংক সনদের ফটোকপি সত্যায়িত করে জমা দিতে হবে। (ঘ) দফাওয়ারী উদ্ধৃত দর অংকে এবং কথায় স্পষ্ট করে লিখতে হবে (সিডিউলে উদ্ধৃত দরে ভ্যাট, আয়কর ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে)। দফাওয়ারী দাখিলকৃত দর ঘষামাজা/কাটাকাটি হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। সিডিউলে উদ্ধৃত দরে কোন সংশোধনী থাকলে যথাযথ স্বাক্ষর করতে হবে। (ঙ) কার্যাদেশ প্রাপ্তির পর সাইট বুকে নিয়ে ২১ (একুশ) দিন দিনের মধ্যে উক্ত কাজ সম্পন্ন করে নিয়ম মোতাবেক ব্যাংকের নিকট বুঝিয়ে দিতে হবে। সাইট বুকে নেয়ার বিষয়ে প্রয়োজনে এ কার্যালয়ের সাথে যোগাযোগ করা যেতে পারে। (চ) কোম্পানী কর্তৃক প্যাকেটজাত অবস্থায় এয়ারকুলার সেট সাইটে সরবরাহ করতে হবে। (ছ) কাজ চলাকালীন সময়ে কোন চলতি বিল প্রদান করা হবে না। (জ) কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে এর দায়-দায়িত্ব দরপত্র দাতার উপর বর্তাবে এবং এ বিষয়ে ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। (ঞ) ব্যাংকের উপযুক্ত কর্তৃপক্ষের লিখিত পূর্ব নির্দেশ/অনুমোদন ব্যতীত তফসিল বহির্ভূত কোন কাজ করা যাবে না। (ট) ব্যাংক কর্তৃক কোন প্রকার মালামাল সরবরাহ করা হবে না। (ঠ) কথায় এবং অংকে লিখিত দরের মধ্যে গরমিল পরিলক্ষিত হলে কথায় লিখিত দর গ্রহণ যোগ্য বলে বিবেচিত হবে। (ড) সিডিউলের প্রতি পাতায় স্বাক্ষরসহ সিল মোহর দিতে হবে। (ঢ) বিল পরিশোধের সময় প্রচলিত সরকারী নিয়ম মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।		
১১।	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম, ঠিকানা ও টেলিফোন নম্বর।	জনাব মোহাম্মদ সরওয়ার মোরশেদ ভূঁইয়া, ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, জেনারেল ম্যানেজার'স অফিস, চট্টগ্রাম-নর্থ। ফোনঃ ০২৩৩৩১১৭৩৮		
১২।	দরপত্র সংক্রান্ত পদ্ধতিগত প্রক্রিয়ার ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা- ২০২৫ অনুসরণ করা হবে।			
১৩।	সাদা ফ্লুইড ব্যবহার করে পূরণকৃত অথবা ওভাররাইটিংকৃত সিডিউল বাতিল বলে গণ্য হবে।			
১৪।	কোন কারন দর্শানো ছাড়াই যে কোন বা সকল দরপত্র বাতিল অথবা যে কোন দরপত্র আংশিক বা সম্পূর্ণরূপে গ্রহণের অধিকার ব্যাংক কর্তৃক সংরক্ষিত।			
১৫।	সর্বনিম্ন দরপত্র দাতাকে সিডিউলে বর্ণিত শর্ত এবং কার্যাদেশের শর্ত মোতাবেক সংশ্লিষ্ট কাজ সম্পূর্ণভাবে সম্পাদন করতে হবে।			
১৬।	অন্যান্য শর্তাবলী সোনালী ব্যাংক পিএলসি, জেনারেল ম্যানেজার'স অফিস, চট্টগ্রাম-নর্থ হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।			

(মোহাম্মদ সরওয়ার মোরশেদ ভূঁইয়া)
ডেপুটি জেনারেল ম্যানেজার